

এক নজরে উপজেলা সমবায় কার্যালয়, তালা, সাতক্ষীরা এর কার্যক্রমের তথ্যাদিঃ

ভিশন ও মিশনঃ

রূপকল্প : টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

অভিলক্ষ্য : সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিকওসেবাখাতে টেকসই সমবায় গড়ে তোলা।

কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

উপজেলা সমবায় কার্যালয়, তালা, সাতক্ষীরা এর কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহঃ

১. উৎপাদন, আর্থিকওসেবাখাতেসমবায়গঠন;
২. টেকসইসমবায়গঠনেকার্যক্রমগ্রহণ;
৩. সমবায়সংগঠনেরসক্ষমতাবৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন।

সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ :

সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ;

উপজেলা সমবায় কার্যালয়, তালা, সাতক্ষীরা এর বিগত তিন বছরের অর্জিত সাফল্যঃ

দেশের সার্বিক উন্নয়নে যথাযথ ভূমিকা রাখার প্রয়াসে সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য উপজেলা সমবায় কার্যালয়,তালা,সাতক্ষীরা কাজের সুনির্দিষ্ট ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। তালা উপজেলাধীন কর্মকর্তা/কর্মচারীগণের উত্তাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুনগত মান উন্নয়নে অত্রউপজেলার উৎপাদনমুখী ও সেবামুখী সমবায় গঠন, টেকসই সমবায় গঠনে উদ্বুদ্ধকরণ, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন উল্লেখযোগ্য। বিগত তিন অর্থ বছরে মোট ১০৭টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ২৫০০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। বিগত তিন অর্থ বছরে মোট ৭৮২টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। এছাড়া ২৯০ জন সমবায়ীর দক্ষতা উন্নয়নে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং তিন বছরে প্রায় ১০৫০জনের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। বিগত তিন বছরে অত্র উপজেলায় বাস্তবায়নাধীন আশ্রয়ণ প্রকল্পে ঋণপ্রদান ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ইতোমধ্যে অত্রজেলায় ২টি উন্নতজাতের গাভীপালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মানোন্নয়ন প্রকল্পের আওতায় ২টি সমিতি নিবন্ধন করে তার মাধ্যমে সদস্যদের জীবন যাত্রার মান উন্নয়ন করা হচ্ছে। এছাড়া ও প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত ২,৭৫,০০,০০০/- টাকার চেক (২৫০ জনের) মাঝে বিতরণ করা হয়েছে। বর্তমানে উক্ত প্রকল্পের ঘূর্ণায়মান তহবিল দ্বারা সদস্যদের মাঝে ঋণবিতরণ ও আদায়কার্যক্রম চলমান রয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে সাতক্ষীরা জেলার তালা উপজেলায় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে তালা উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা প্রায় ৬০৫টিনানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সংখ্যক সমবায়কে নিয়মিত অডিট করা, নিবিড় ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও সমবায়ী মনোভাবাপন্ন হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তিগত সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠ পর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- ৩০টি সমবায় সমিতি নিবন্ধনসহ ০১ টি উৎপাদনমুখী ও ০১ টি মডেল সমবায় গঠন করা হবে;
 - ১২৫জনকে চাহিদা ভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
 - ৯০% সমবায় এর নির্বাচন অনুষ্ঠান, নিরীক্ষিত কার্যকর সমবায় এর মধ্যে ৯০% এর এজিএম আয়োজন এবং ৩১ আগষ্ট ২০২১ এর মধ্যে ৫০% সমবায় এর হিসাব বিবরণী প্রাপ্তি নিশ্চিত করা হবে।
- ৪০ টি সমবায় এর পরিদর্শন এবং ২৩৭ টি কার্যকর সমবায় এর নিরীক্ষা সম্পাদন করা হবে।

ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য দীর্ঘদিনের অকার্যকর/ নিষ্ক্রিয় সমবায় সমিতিগুলির নিবন্ধন বাতিলের ব্যবস্থা গ্রহণ করা এবং অবসায়নে ন্যাস্ত সমবায় সমিতিগুলোর অবসায়নকার্য দ্রুত নিষ্পত্তি করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি উপজেলা ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ গ্রহণ করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ও ট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টিকরা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগমকরাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজার জাত করণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠী ও মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবন যাত্রার মান উন্নয়নের জন্য প্রকল্প/কর্মসূচি গ্রহণে সমবায় অধিদপ্তরে প্রকল্প/কর্মসূচির প্রস্তাব প্রেরণ করা হবে। উন্নত জাতের গাভীপালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মানোন্নয়ন প্রকল্পের আওতায় সমিতির মাধ্যমে মহিলাদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোট সমবায় সমিতির সংখ্যাঃ

ক্যাটগরি	সমিতির সংখ্যা	
	কেন্দ্রীয়	প্রাথমিক
পউব	১	২০৭
সাধারণ	৫	৩৯২
মোটঃ	৬	৫৯৯

কর্মকর্তা/কর্মচারীর সংখ্যাঃ

পদের নাম	মজুরীকৃত পদ সংখ্যা	কর্মরত পদ সংখ্যা	শূন্য পদের সংখ্যা
উপজেলা সমবায় অফিসার	০১	০১	--
সহকারী পরিদর্শক	০২	০১	০১
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১	০১	--
ফ্যাসিলিটিটর (দুগ্ধ প্রকল্প)	০২	০২	--
অফিস সহায়ক	০১	০১	--